

প্রয়াত মেয়র আনিসুল হকের বাড়িতে প্রধানমন্ত্রী

কালের কণ্ঠ অনলাইন ২ ডিসেম্বর, ২০১৭ ১৪:৫৩ | পড়া যাবে ১ মিনিটে

প্রিন্ট



ছবি অনলাইন

ঢাকা উত্তরের সদ্যপ্রয়াত মেয়র আনিসুল হকের মৃত্যুতে তার পরিবারের প্রতি সমবেদনা [অ-](#) [অ](#) [অ+](#) জানাতে তার বাড়িতে যান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ দুপুর ১টার দিকে তার মরদেহ লন্ডন থেকে বাংলাদেশ বিমানের একটি ফ্লাইটে দেশে এসে পৌঁছায়।

আজ শনিবার দুপুরে লন্ডন থেকে আনিসুল হকের কফিন আসার পর বনানীতে তার বাড়িতে যান প্রধানমন্ত্রী। দুপুর পৌনে ২টার দিকে আনিসুল হকের বাড়িতে যান প্রধানমন্ত্রী; ১৫ মিনিটের মতো সেখানে ছিলেন তিনি।

প্রায় চার মাস আগে যুক্তরাজ্যে গিয়ে হঠাৎ অসুস্থ হয়ে পড়া আনিসুল হক গত ৩০ নভেম্বর মারা যান। তার বয়স হয়েছিল ৬৫ বছর।

বাংলাদেশ বিমানের একটি ফ্লাইটে শনিবার দুপুর ১টায় শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে মরদেহ আসার পর সেখান থেকে তার লাশ নেওয়া হয় বনানীর বাড়িতে।

আজ বিকাল ৩টায় আর্মি স্টেডিয়ামে শ্রদ্ধা নিবেদনের জন্য নেওয়া হবে তার মরদেহ। এরপর জানাজা শেষে বনানী কবরস্থানে দাফন করা হবে আনিসুল হককে।